

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৮৭৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫২. রুকু' ও সিজদায় যা পাঠ করবে

### باب في الدعاء في الركوع

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ سُلَيْمَانَ بْنِ سُهَيْمٍ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَعْبُدٍ، عَنْ أَبِيهِ، عَنْ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَشَفَ السِّتَارَةَ وَالنَّاسُ صُفُوفٌ خَلْفَ أَبِي بَكْرٍ فَقَالَ " يَا أَيُّهَا النَّاسُ إِنَّهُ لَمْ يَبْقَ مِنْ مَبَشِّرَاتِ النَّبُوءَةِ إِلَّا الرُّوْبَا الصَّالِحَةُ يَرَاهَا الْمُسْلِمُ أَوْ تَرَى لَهُ وَإِنِّي نُهِيتُ أَنْ أَقْرَأَ رَاكِعًا أَوْ سَاجِدًا فَأَمَّا الرُّكُوعُ فَعِظْمُوا الرَّبَّ فِيهِ وَأَمَّا السُّجُودُ فَاجْتَهِدُوا فِي الدُّعَاءِ فَقَمِنُ أَنْ يُسْتَجَابَ لَكُمْ "

– صحيح : م

বাংলা

৮৭৬। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (অসুস্থকালে) স্বীয় হুজরার পর্দা উঠিয়ে দেখলেন, লোকেরা আবু বকর (রাঃ)-এর পিছনে সারিবদ্ধভাবে দাঁড়িয়েছে। তখন তিনি বললেনঃ হে লোকেরা! নবুওয়্যাতের কিছুই অবশিষ্ট নেই, তবে মুসলিমরা যে নেক স্বপ্ন দেখবে তা ব্যতীত। তিনি আরো বলেনঃ আমাকে রুকু' ও সিজদাতে কুরআন পড়তে নিষেধ করা হয়েছে। সুতরাং তোমরা রুকু' অবস্থায় রবেবর শ্রেষ্ঠত্ব বর্ণনা করো এবং সিজদাতে বেশি করে দু'আ পড়ার চেষ্টা করো। আশা করা যায়, তোমাদের দু'আ কবুল হবে।[1]

সহীহ : মুসলিম।

## English

Ibn 'Abbas said:

The Prophet (ﷺ) lifted the curtain (and saw that) the people were standing in rows(of prayers) behind Abu Bakr. He said: O people, there remained

nothing that gives good tidings from prophethood except a true dream which a Muslim has himself or which another Muslim has for him. I have been prohibited to recite the Qur'an while bowing or prostration. As regards owing, exalt the Lord in it, and as to prostration, make supplication with exertion in it, that is worthy of being accepted.

### ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সালাত, অনুঃ রুকু' ও সিজদাতে কিরাআত পাঠ নিষেধ), ইবনু মাজাহ (অধ্যায় : স্বপ্নের তা'বীর, হাঃ মুসলিমের নেক স্বপ্ন দেখা, হাঃ ৩৮৯৯), দারিমী (অধ্যায় : সালাত, অনুঃ রুকু' ও সিজদাতে কিরাআত পাঠ নিষেধ, হাঃ ১৩২৫), নাসায়ী (অধ্যায় : তাত্ত্বীক, হাঃ ১০৪৪), ইবনু খুযাইমাহ (৫৪৮)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58194>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন